তাগিদপত্র-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৫.১৭.-৩৮৬ তারিখ : ১৯-১১-২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : Touch & Go পদ্ধতি ব্যবহার সম্পর্কে মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : (১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৫-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্ত ১৫(খ) বাস্তবায়ন
(২) এ বিভাগের স্মারক নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৫.১৭.-১৯২, তারিখ : ২৯-০৫-২০১৮ খ্রিস্টাব্দ
(৩) এ বিভাগের স্মারক নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.৯৯.০১৫.১৭.-৯৬, তারিখ : ০৮-০৩-২০১৮ খ্রিস্টাব্দ
(৪) এ বিভাগের স্মারক নম্বর : ৩৫.০০.০০০০.০৩০.০৬.০১৬.১৬.-৩২, তারিখ : ২৮-০১-২০১৮ খ্রিস্টাব্দ
(৫) এ বিভাগের স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০৩০.২৭.০১৬.১৭-০১, তারিখঃ ০১-০১-২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৫-১১-২০১৮ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্ত ১৫(খ) এ (কপি সংযুক্ত) Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য লিফলেট বিতরণ, টিভি ও সংবাদপত্রে প্রচারের ব্যবস্থা নিতে বলা হয়েছে।

০২। উল্লেখ্য, Touch & Go পদ্ধতি ব্যবহারের কার্যক্রম ও সুফল সম্পর্কে লিফলেট তৈরি ও বিতরণের পূর্বে একটি নমুনা লিফলেট প্রস্তুত করার জন্য সূত্রোক্ত ৫ নম্বর পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। এছাড়া, আলোচ্য বিষয়টি টিভি ও সংবাদপত্রে প্রচারের লক্ষ্যে একটি নমুনা বিজ্ঞপ্তি প্রস্তুত এবং এতদ্‌সংশ্লিষ্ট একটি নমুনা লিফলেট প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ ও ৪ নম্বর পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোন তথ্য/ডকুমেন্ট পাওয়া যায়নি।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত প্রেক্ষিতে ০৫-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার ১৫(খ) নম্বর সিদ্ধান্ত (কপি সংযুক্ত) ও অনুচ্ছেদ ২ এর পরিপ্রেক্ষিতে Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করা সংশ্লেষে একটি নমুনা লিফলেট প্রস্তুত এবং টিভি ও সংবাদপত্রে প্রচারের লক্ষ্যে একটি নমুনা বিজ্ঞপ্তি প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৭৪০৪৫

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি :

সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

## নভেম্বর ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ০৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ**<br>০৭ অক্টোবর ২০১৮ তারিখ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ০৭ অক্টোবর ২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হল। | |
| ০২. | **প্রশিক্ষণ**<br>(ক) সভাকে অবহিত করা হয় যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে কর্মরত সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল, ২০১৬ অনুসারে গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর'১৮ মাসে এ বিভাগের সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীকে মোট ৪৪৪ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিভাগের সকল গ্রেডের ১৪৮ জন কর্মকর্তা/কর্মচারীর বাৎসরিক (জুলাই'১৮-জুন'১৯) ৮৮৮০ ঘন্টা। জুলাই থেকে অক্টোবর ২০১৮ পর্যন্ত ৪ মাসের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৯৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (ক) সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল, ২০১৬ অনুযায়ী এ বিভাগের কর্মচারীদের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব |
| | (খ) উপসচিব (প্রশিক্ষণ ও সমন্বয়) সভাকে অবহিত করেন সওজ অধিদপ্তরের ৩২ জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ও নবনিযুক্ত ১৮ জন উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)সহ মোট ৫০ জন কর্মকর্তার জন্য ২টি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নিউ ইস্কাটন, ঢাকায় আয়োজন করা হবে। ১ম ব্যাচের প্রশিক্ষণ ১৮-১২-২০১৮ তারিখে এবং ২য় ব্যাচের প্রশিক্ষণ ২০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। ২০১৮ সালে সওজ অধিদপ্তরে ৭৬ জন উপ-সহকারী প্রকৌশলী যোগদান করেছেন। আরপিএটিসির পূর্ব নির্ধারিত প্রোগ্রাম থাকায় নবযোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের প্রশিক্ষণ আয়োজন সম্ভবপর হবে না। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ প্রশিক্ষণ কেন্দ্র এনএপিডিতে নবযোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে যোগাযোগ করেন। তিনি জানান, এনএপিডি প্রস্তাব ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নবনিযুক্ত উপ-সহকারী প্রকৌশলীদের প্রশিকৃষণ আয়োজনে আগ্রহী এবং এ ধরনের প্রশিক্ষণ পরিচালনায় তাদের সক্ষমতা রয়েছে। নির্বাহী প্রকৌশলী, সওজ প্রশিক্ষন কেন্দ্র আরো জানান নবযোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলীদের এনএপিডিতে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে শীঘ্রই মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে। | (খ) সওজ অধিদপ্তরের ৩২ জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ও নবনিযুক্ত ১৮ জন উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)সহ মোট ৫০ জন কর্মকর্তার জন্য ২টি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স নির্ধারিত তারিখে আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নিউ ইস্কাটন, ঢাকায় আয়োজন করতে হবে। সদ্য যোগদানকৃত ৭৬ জন উপ-সহকারী প্রকৌশলীদের এনএপিডিতে প্রশিক্ষণ আয়োজনের জন্য ব্যবস্থা করতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩. | **ই-নথি**<br>(ক) সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন ই-নথিতে লক্ষ্যমাত্রা অর্জনে আইন অনুবিভাগ ১ম ও আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ দ্বিতীয় অবস্থানে রয়েছে। ই-নথিতে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। যেসকল শাখা/অধিশাখা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেন নাই আগামী মাসিক সভার পূর্বে লক্ষ্যমাত্রা অর্জনে তাদেরকে সচেষ্ট হওয়ার জন্য সভাপতি পরামর্শ দেন। ডিটিসিএ'তে ই-নথি সংক্রান্ত অদ্যাবধি কোন কার্যক্রম না থাকায় এবং বিআরটিএ'তে পর্যাপ্ত আইসিটি এক্সপার্ট থাকা সত্ত্বেও ই-নথির কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে না যাওয়ায় কারণ ব্যাখ্যার জন্য তাদেরকে পত্র দেওয়া হয়। পত্রের জবাব পাওয়ার পর তা পরবর্তী মাসিক সভায় উপস্থানের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) প্রত্যেক শাখা এবং অধিশাখাকে ই-নথিতে স্ব-উদ্যোগে নোট উপস্থাপন এবং পত্র জারীর সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। ই-নথিতে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করতে হবে এবং যেসকল শাখা/অধিশাখা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেন নাই আগামী মাসিক সভার পূর্বে লক্ষ্যমাত্রা অর্জনে তাদেরকে সচেষ্ট হতে হবে। ব্যাখ্যা প্রদানের পত্রের জবাব পাওয়ার পর তা পরবর্তী মাসিক সভায় উপস্থান করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **ডিজিটাল হাজিরাঃ**<br>(খ) সভাকে অবহিত করা হয়, এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে এ কাজ সংশ্লিষ্ট ২টি কোম্পানীর সাথে যোগাযোগ করা হয়েছে। খুব শীঘ্রই টেকনিক্যাল ডিটেলস পর্যালোচনাপূর্বক সিস্টেম ডেভেলপ করে অ্যাপভিত্তিক ডিজিটাল হাজিরার ব্যবস্থা এ বিভাগসহ অধিনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীতে চালু করা সম্ভব হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন সওজ অধিদপ্তরে ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৪. | **অডিট আপত্তি নিষ্পত্তি**<br>(ক) সভাকে অবহিত করা হয়, বিবেচ্য মাসে ২৭টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে।<br>(খ) বিবেচ্য মাসে ১টি দ্বি-পক্ষীয় সভায় ১৯টি আলোচিত অনুচ্ছেদের মধ্যে ১৪টি অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বিবেচ্য মাসে ৫টি ত্রি-পক্ষীয় সভায় ৭৬টি আলোচিত অনুচ্ছেদের মধ্যে ৪৬টি অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। ৩০টির জবাব যথাযথ না হওয়ায় নিষ্পত্তি করা সম্ভব হয় নাই। অনিষ্পন্ন ৩০টির যথাযথ জবাব সংশ্লিষ্টদের নিকট হতে সংগ্রহের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>(গ) সভাকে অবহিত করা হয় যে, অডিট আপত্তির ব্রডশীট জবাব নিয়মিত পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ অব্যাহত রয়েছে। উপানুষ্ঠানিক পত্রের উত্তর যথাসময়ে প্রদান অব্যাহত রয়েছে। | (ক) অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।<br>(খ) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের সংখ্যা যথাসম্ভব আরো বৃদ্ধি করতে হবে। অডিট আপত্তির জবাব ত্রুটিমুক্তভাবে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। অনিষ্পন্ন ৩০টি অডিট আপত্তির যথাযথ জবাব সংশ্লিষ্টদের নিকট হতে সংগ্রহ করতে হবে।<br>(গ) অডিট আপত্তির ব্রডশীট জবাব নিয়মিত পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। উপানুষ্ঠানিক পত্রের উত্তর যথাসময়ে প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ০৫ | **মামলা সংক্রান্ত**<br>**(ক) মামলা তদারকী জোরদার**<br>যুগ্মসচিব (আইন) সভাকে অবহিত করেন যে, ৪টি সংস্থায় সেপ্টেম্বর/১৮ মাসে ৩৫৩৪টি মামলা ছিল। অক্টোবর/১৮ নতুন রুজু হয়েছে ১৩টি এবং নিষ্পত্তি হয়েছে ২৯টি। বর্তমান মামলার সংখ্যা ৩৫১৮টি। মামলার তথ্যাদি নিয়মিত ডাটাবেজে হালনাগাদ করা হচ্ছে এবং মামলার রায় তারিখসহ কার পক্ষে হয়েছে তা এন্ট্রি করা হচ্ছে। | (ক) মামলার তথ্যাদি ডাটাবেজে নিয়মিত হালনাগাদ করতে হবে এবং মনিটরিং অব্যাহত রাখতে হবে। মামলার রায়ের তারিখসহ কার পক্ষে রায় হয়েছে এবং মামলার সংখ্যা উল্লেখ করে এন্ট্রি আপলোড অব্যাহত রাখতে হবে। সকল দপ্তর/সংস্থাও মামলার তথ্যাদি নিয়মিত ডাটাবেজে হালনাগাদ রাখবে। | যুগ্মসচিব (আইন)/ (বাজেট ও অডিট)/ উপসচিব (রক্ষণাবেক্ষণ) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (খ) **কনটেম্পট মামলা**<br>যুগ্মসচিব (আইন) আরো জানান, গত মাসে ৫২টি কনটেম্পট মামলা ছিল। অক্টোবর/১৮ মাসে ২টি নতুন কনটেম্পট মামলা রুজু হওয়ায় (কন: মামলা নং-৩৪৩/১৮ এবং ৩৪৫/১৮) বর্তমানে মামলার সংখ্যা ৫৪টি। বর্তমানে ৫৪টি কনটেম্পট মামলার কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। কনটেম্পট মামলাগুলোর বাস্তব তথ্য সংগ্রহ করে আগামী মাসিক সভায় উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (খ) কনটেম্পট মামলাগুলোকে অধিক গুরুত্ব দিতে হবে এবং মামলাগুলোর কার্যক্রম নিয়মিত মনিটর করে নিষ্পত্তি ত্বরান্বিত করতে হবে। কনটেম্পট মামলাগুলোর বাস্তব তথ্য সংগ্রহ করে আগামী মাসিক সভায় উপস্থান করতে হবে। | |
| | (গ) **বকেয়ার জন্য মামলা**<br>সভাকে অবহিত করা হয়, ৬৮টি বকেয়া মামলা বকেয়া নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অক্টোবর/১৮ মাসে ০২টি মামলা (রীট মামলা নং-১৬৩৮/১৫ এবং ৭৭০৬/১৫) নিষ্পত্তি হয়েছে। কোন নতুন মামলা দায়ের হয়নি। বর্তমানে বকেয়া মামলার সংখ্যা ৬৬টি। | (গ) মামলাগুলোর কার্যক্রম নিয়মিত মনিটর করতে হবে। | |
| ০৬. | **শাখা/অধিশাখা পরিদর্শন**<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, অক্টোবর/২০১৮ মাসে বিআরটিসি শাখা হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। বিআরটিএ সংস্থাপন অধিশাখায় Fiber Optic Cable এর মাধ্যমে Lan Connetion পুনঃপরীক্ষা করা হয়েছে এবং কোন প্রকার সমস্যা পাওয়া যায়নি। বর্তমানে উক্ত ইন্টারনেট সচল রয়েছে। এছাড়াও ইনফো সরকার প্রকল্পের মাধ্যমে WIFI Connection বিদ্যমান রয়েছে। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী শাখা/অধিশাখা প্রধানগণকে শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৭. | **মনিটরিং টিমের পরিদর্শন**<br>উপপ্রধান জনাব মোঃ সেলিম পরিদর্শন অভিজ্ঞতা বর্ণনায় তিনি বলেন, বরিশাল ও ভোলা সড়ক বিভাগাধীন চলমান উন্নয়ন প্রকল্প ও পিএমপি কাজ পরিদর্শন করা হয়। ভোলা- বোরহানউদ্দিন-লালমোহন-চরফ্যাশন-চরমানিকা আঞ্চলিক মহাসড়কের কাজ চলমান। উক্ত সড়কে বাংলা বাজার নামক স্থানে ০১টি বেইলী সেতু রয়েছে, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। সড়কের রোড মার্কিং, সাইন সিম্বল ও কিলোমিটার পোস্টসমূহ নাই। যুগ্মসচিব জনাব মোঃ আবদুর রৌফ খান পরিদর্শন অভিজ্ঞতা বর্ণনায় তিনি বলেন, ময়মনসিংহ-গফরগাঁও-টোক সড়কের ৭২তম কিঃমিঃ এ বানার নদীর উপর ২৮২.৫৫৮ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মান কাজ এবং গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ কাজ পরিদর্শন করেন। উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল পরিদর্শন অভিজ্ঞতা বর্ণনায় তিনি বলেন, যশোর-রেনাপোল সড়ক ৪-লেনে উন্নীত করা প্রয়োজন। মেহেরপুর-চুয়াডাঙ্গা-ঝিনাইদহ মহাসড়কটির সংস্কার কাজ চলমান রয়েছে। ঝিনাইদহ-যশোর মহাসড়কের ঝিনাইদহ অংশ পরিদর্শন করা হয়। মহাসড়কের বেশ কিছু জায়গায় ক্ষতিগ্রস্থ দেখা গেছে যা দ্রুত সংস্কার করা প্রয়োজন। যশোর-ঝিনাইদহ সড়ক এডিপির আওতায় আনার জন্য তিনি পরামর্শ দেন। মনিটরিং টিমের পরিবদর্শন রিপোর্ট বাস্তবায়ন হচ্ছে কিনা সে বিষয়টি মনিটরিং টিমকে তদারকি করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | মনিটরিং টিমের সদস্যদের পরিদর্শনে গিয়ে কাজের গুনগত মান সঠিকভাবে যাচাই করতে হবে। প্রকল্প অনুমোদনের পর টেন্ডার, কার্যাদেশ এবং ঠিকাদার কর্তৃক কত দিনের মধ্যে কার্যক্রম শুরু করা হল এ বিষয়টি মনিটরিং টিমকে দেখতে হবে। মনিটরিং রিপোর্ট তাৎক্ষণিক জমা দিতে হবে এবং রিপোর্টের সুপারিশসমূহ বাস্তবায়ন হচ্ছে কিনা সেটা মনিটরিং টিমকে দেখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ মনিটরিং কর্মকর্তা (সকল) |
| ০৮. | **ওয়েব সাইট হালনাগাদ ও যুগোপযোগীকরণ**<br>সভাকে অবহিত করা হয়, ওয়েবসাইটে প্রকাশের জন্য আইসিটি ইউনিটে প্রেরিত এ বিভাগের জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। এছাড়া সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত মেগা প্রকল্প ও Foreign Aided Projects অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে তা ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। সেপ্টেম্বর মাসের তথ্যাদি পাওয়া মাত্রই সেগুলো হালনাগাদ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সমূহের মনিটরিং সংক্রান্ত ওয়েবসাইটে (pmc.pmo.gov.bd) অতিরিক্ত সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক অধিনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ফোকাল পয়েন্টগণ নিয়মিত তথ্য হালনাগাদ করছেন। | এ বিভাগের ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ রাখতে হবে। জনস্বার্থ সংশ্লিষ্ট সকল বিষয়াদি, মেগা প্রকল্পের তথ্য, সকল টেন্ডার/বিজ্ঞপ্তি ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ রাখতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্প সমূহের মনিটরিং সংক্রান্ত ওয়েবসাইটে (pmc.pmo.gov.bd) প্রতিমাসের তথ্য হালনাগাদ রাখতে হবে। অধীনস্থ অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট'কে আরো উদ্যোগী হতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ আইসিটি ইউনিট/ সংশ্লিষ্ট কর্মকর্তা |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৯. | **গ্রিভেন্স রিড্রেস সিস্টেম (জিআরএস)**<br>(ক) সভায় অবহিত করা হয় যে, অক্টোবর/২০১৮ মাসে এ বিভাগের অনলাইনের মাধ্যমে ০৩টি অভিযোগ পাওয়া গিয়েছে। ০৩টি অভিযোগের মধ্যে ০২টি অভিযোগের জবাব দেয়া হয়েছে। অবশিষ্ট (০৩-০২)=০১টি অভিযোগ বিআরটিএ সংশ্লিষ্ট হওয়ায় অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করা হয়েছে। অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত অক্টোবর/২০১৮ মাসের তথ্যাদি শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | (ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ অনুযায়ী অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (আইন)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | (খ) উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, এ বিভাগে রক্ষিত অভিযোগ বক্সে অক্টোবর/২০১৮ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। | (খ) এ বিভাগে স্থাপিত অভিযোগ বাক্সটি নিয়মিত খুলে পরীক্ষা করতে হবে এবং এ বিভাগের ফেসবুক পেজে প্রাপ্ত অভিযোগ/মতামত নিষ্পত্তি করতে হবে। | উপসচিব (বাজেট) |
| ১০. | **Right to Information (RTI)**<br>যুগ্মসচিব (আইন ও সংস্থা) সভায় অবহিত করেন যে, RTI সংক্রান্ত অক্টোবর মাসে কোন আবেদন পাওয়া যায়নি। | Right to Information সংক্রান্ত কোন আবেদন পাওয়া গেলে তা বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | যুগ্মসচিব (আইন) |
| ১১. | **সম্পত্তি ব্যবস্থাপনা সফটওয়্যার**<br>যুগ্মসচিব (সম্পত্তি) সভাকে অবহিত করেন যে, Software-এ মহাসড়ক/স্থাপনা ভিত্তিক ভূমির তথ্য এন্ট্রির কাজ চলমান রয়েছে এবং এ বিষয়টি যুগ্মসচিব (এস্টেট) নিয়মিত মনিটরিং করছেন। | সংশ্লিষ্ট সকলের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে মহাসড়ক/স্থাপনা ভিত্তিক ভূমির তথ্য এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (সম্পত্তি)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১২. | **শূন্য পদ পূরণ**<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, লিখিত পরীক্ষা অনিবার্যকারণবশতঃ স্থগিত করা হয়েছে। | এ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদসমূহ পূরণের কার্যক্রম দ্রুত এবং নিয়োগ প্রক্রিয়ার কাজ স্বচ্ছভাবে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ১৩. | **Delegation of Administrative Power**<br>সভাকে অবহিত করা হয় যে, চূড়ান্ত সাংগঠনিক কাঠামোর আলোকে এ বিভাগের বিদ্যমান কর্মবণ্টন সংশোধনের নিমিত্ত গত ০৬-০২-২০১৮ তারিখে কমিটির সদস্যদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগের কর্মবণ্টন প্রস্তুত করে আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগের কার্যক্রম শুরু করার সুপারিশ করা হয়। এ বিভাগের অফিস কক্ষের সমস্যা সমাধান কল্পে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক ০১টি ডিও পত্র গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে গত ১৮-১০-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। কর্মবণ্টন সংশোধন/হালনাগাদের পর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করা যেতে পারে। | চূড়ান্ত সাংগঠনিক কাঠামোর আলোকে এ বিভাগের বিদ্যমান কর্মবণ্টন সংশোধন/ হালনাগাদের পর প্রশাসনিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **Delegation of Financial Power**<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিভাগের কর্মবণ্টন সংশোধন/হালনাগাদের পর আর্থিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করা হবে। | এ বিভাগের কর্মবণ্টন চূড়ান্ত হওয়ার পর Delegation of Financial Power এর খসড়া চূড়ান্ত করতে হবে। | |
| ১৪. | **ভিডিও চিত্র**<br>সভাকে অবহিত করা হয় যে, সকল চিত্রগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক ভিডিও চিত্রটির দৈর্ঘ্য ২৪ মিনিট থেকে কমিয়ে ১৫ মিনিটে নির্ধারণের কাজ সম্পন্ন হলে ভিডিও তথ্যচিত্র চূড়ান্ত করা সম্ভব হবে। নির্মিত ভিডিও চিত্রটি আরো সুন্দর ও আকর্ষণীয় করার জন্য সভাপতি পরামর্শ দেন। | নির্মিত ভিডিও চিত্রটি আরো সুন্দর ও আকর্ষণীয় করার জন্য পদক্ষেপ নিতে হবে এবং দ্রুত কাজটি সমাপ্ত করতে হবে। | অতিরিক্ত সচিব |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৫. | **এক্সেল লোড**<br>(ক) সভাকে অবহিত করা হয় যে, বাথুলী এক্সেল লোড কন্ট্রোল স্টেশন এর Service Provider নিয়োগের জন্য রেগনাম রিসোর্স লিমিটেডকে নিয়োগের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর হতে একটি প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে কতিপয় তথ্য প্রেরণসহ বর্ণিত এক্সেল লোড কন্ট্রোল স্টেশনটি নতুন স্থান ফলসেটিয়া নামক স্থানে দ্রুত স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। তথ্য না পাওয়ায় তাগিদপত্র দেয়া হয়। তারপরও তথ্য না পাওয়ায় পুনঃ তাগিদপত্র প্রদান করা হয়। উক্ত পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর হতে একটি পত্র সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | (ক) বাথুলি এক্সেল লোড কন্ট্রোল স্টেশন এর Service Provider নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| | (খ) Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য লিফলেট বিতরণ, টিভি ও সংবাদপত্রে প্রচারের লক্ষ্যে নমুনা লিফলেট ও নমুনা বিজ্ঞপ্তি প্রস্তুত এবং দ্রুত সময়ের মধ্যে একটি স্ক্রীপ্ট তৈরী করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে তাগিদপত্রসহ কয়েকবার পত্র দেয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন তথ্য/ডকুমেন্ট পাওয়া যায়নি। উল্লেখ্য Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণ বিষয়ে বিভিন্ন বাস ও ট্রাক মালিক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সভা আহবানের জন্য ইতঃপূর্বে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে আলোচ্য বিষয়ে প্রচারণামূলক একটি সভা আহবানের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন সভা আহবান করা হয় নাই। সভাপতি Touch & Go পদ্ধতিটি জনপ্রিয় করার জন্য লিফলেট বিতরণের মাধ্যমে উপকারভোগীদের অবহিত করার জন্য সভাপতি পরামর্শ দেন। | (খ) Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য লিফলেট বিতরণ, টিভি ও সংবাদপত্রে প্রচারের ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ/ যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| ১৬. | **সড়ক ও জনপথ অধিদপ্তরে কর্মরত ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিতকরণ**<br>সভায় অবহিত করা হয় যে, ওয়ার্কচার্জড কর্মচারীদের (২৬৬৭ জন) রাজস্ব খাতের নিয়মিত সংস্থাপনে আনয়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের (নন-ক্যাডার গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এ বয়সসীমা এককালীন শিথিল করে বিশেষ বিধান সন্নিবেশ করার বিষয়টি চূড়ান্তকরণের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়েছে। ভেটিং প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ভেটিং এর পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| ১৭. | **বিদেশ ভ্রমণ শেষে ডি-ব্রিফিং**<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমণ করে অভিজ্ঞতা অর্জন করেছেন সে সকল কর্মকর্তার ধারাবাহিকভাবে প্রশিক্ষণলব্ধ জ্ঞান ডি-ব্রিফিং সভায় উপস্থাপন অব্যাহত আছে। অক্টোবর ২০১৮ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সফিকুল ইসলাম, উপসচিব জনাব মোঃ ফারুক হোসেন এবং সিনিয়র সহকারী প্রধান জনাব মোঃ মাহবুব-এ-এলাহী এর ডি-ব্রিফিং করার জন্য মনোনীত থাকলেও অনিবার্য কারণবশত তা করা সম্ভব হয়নি। সভাপতি পরবর্তী সভায় ডি-ব্রিফিং করার জন্য অভিমত দেন। | কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণ সম্পর্কিত ডি-ব্রিফিং কার্যক্রম যথারীতি চলমান থাকবে। সংখ্যা বেশি হলে পৃথক সভারও আয়োজন করা যেতে পারে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৩. পরিশেষে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সচেষ্ট ও আন্তরিক হওয়ার পরামর্শ দেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/১১/১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.০৬.০০১.১৮-১৩৬৭

তারিখ : ২৩ কার্তিক ১৪২৫ / ০৭ নভেম্বর ২০১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪. উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

আগামী ২৯-১১-২০১৮ তারিখের মধ্যে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির লিখিত প্রতিবেদন প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।

৭/১১/১৮

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: asadmin@rthd.gov.bd